



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ জরিপ অধিদপ্তর
সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ এর দপ্তর
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
<http://www.sob.gov.bd>

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ মে ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০২৪.২১.১০২৫

অফিস আদেশ

১। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ জরিপ অধিদপ্তর ২৯ জুন ২০২৩ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সাথে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করবে। উক্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সুষ্ঠুভাবে নির্ধারিত সময়ে বাস্তবায়নের সুবিধার্থে অত্র অধিদপ্তরের স্মারক নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০২৪.২১.৮৭৬, তারিখ: ০৫ ডিসেম্বর ২০২২ এর মাধ্যমে গঠিত APA টিম নিম্নলিখিতভাবে পুনঃগঠন করা হলোঃ

ক.	জনাব মোহাম্মদ আবদুর রউফ হাওলাদার পরিচালক	---	টিম লিডার/প্রধান
খ.	জনাব মোঃ আবুল কালাম পরিচালক	---	সদস্য
গ.	উপ-পরিচালক (প্রশাসন)	---	সদস্য
ঘ.	সহকারী সার্ভেয়ার জেনারেল	---	সদস্য ও ফোকাল পয়েন্ট
ঙ.	জনাব মোহাম্মদ আবদুল হাই সহকারী পরিচালক (জরিপ)	---	সদস্য-সচিব

২। এক্ষেত্রে উল্লেখ্য, এখন থেকে সহকারী সার্ভেয়ার জেনারেল পদে কর্মরত উপ-পরিচালক (জরিপ) অথবা উক্ত পদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পদাধিকার বলে অধিদপ্তরের APA টিম এর ফোকাল-পয়েন্ট কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। এছাড়া উপ-পরিচালক (প্রশাসন) পদে কর্মরত উপ-পরিচালক (জরিপ) অথবা উক্ত পদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পদাধিকার বলে অধিদপ্তরের APA টিম এর সদস্য হিসাবে দায়িত্ব পালন করবেন।

৩। এই কমিটির সহযোগী কর্মচারি হিসাবে প্রশাসনিক কর্মকর্তা (সাধারণ), সার্ভেয়ার জেনারেল অফিস দায়িত্ব পালন করবেন এবং এ বিষয়ে সার্ভেয়ার জেনারেল অফিসের সাধারণ শাখা এপিএ টীমকে সকল সাচিবিক সহযোগিতা প্রদান করবে।

৪। কমিটির কার্যাবলীঃ

ক. সময়ে সময়ে জারীকৃত সরকারী নির্দেশনা অনুযায়ী এই কমিটি অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পাদন করবেন।

খ. বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক, ত্রৈ-মাসিক, ষান্মাসিক ও বার্ষিক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের

লক্ষ্যে সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ বরাবরে উপস্থাপন করবেন।

গ. বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত কার্যাবলী সম্পাদনের জন্য অধিদপ্তরের সকল অফিস/ইউনিটের সাথে সমন্বয় সাধন করবেন এবং এ বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবেন।

ঘ. অধিদপ্তরের APA টিম অর্থবছরের প্রতি ০২ (দুই) মাসে অন্তত একবার সভায় মিলিত হবেন এবং APA সংশ্লিষ্ট কাজের অগ্রগতি পর্যালোচনা করবেন ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৫। অধিদপ্তরের APA টিম সংক্রান্ত ইতিপূর্বে জারিকৃত সকল অফিস আদেশ এর দ্বারা বাতিল করা হলো।

৬। এ আদেশ সম্পূর্ণ সরকারি স্বার্থে জারি করা হলো।

৩০-০৫-২০২৩

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক

সার্ভেয়ার জেনারেল

৮১৭০০৮০ (ফোন)

sg@sob.gov.bd

নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০২৪.২১.১০২৫/১ (১)

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ

৩০ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১। পত্রজারী গ্রুপ (জেনারেল)।



৩০-০৫-২০২৩

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক

সার্ভেয়ার জেনারেল